# বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি

Bangladesh Class-III Govt. Employees Association

(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

অস্থায়ী কার্যালয় ঃ ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

e-mail : info@bgeac3.com web:wwwbgeac3.com


লিগ্যাল এইড উপ-কমিটি

স্মারক নং ঃ বাতসকস/লিএক/০১ তারিখ ঃ ১৬ সেপ্টেম্বর, ২০১৩খ্রিঃ

## লিগ্যাল এইড উপ-কমিটির প্রথম সভায় গৃহীত প্রস্তাবনা ও সুপারিশমালা

বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির ১২/১০/২০১২ইং তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ক্রমিক ০৫(পাঁচ) মোতাবেক গঠিত লিগ্যাল এইড উপ-কমিটির ১ম সভা ১৬ সেপ্টেম্বর ২০১৩ রোজ সোমবার বিকাল ৫.০০টায় পোষ্টাল কর্মচারী ইউনিয়ন সমিতির কক্ষে, জিপিও, ঢাকার অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপ-কমিটির আহবায়ক জনাব মোঃ নুরুন নবী এবং সভা সঞ্চালন করেন উপ-কমিটির সদস্য সচিব জনাব তাপস কুমার সাহা। সভায় উপ-কমিটির অন্যান্য সদস্যবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন সর্বজনাব এ এইচ এম সাইয়াদুল করিম মোল্লা, মোঃ রমিজ উদ্দিন মাঝি, মোঃ ফরিদুর রহমান, মোঃ আবদুল ওয়াদুদ, মোঃ রফিকুল ইসলাম মামুন। সভায় আমন্ত্রনক্রমে উপস্থিত ছিলেন বাতসকস কেনিপ সভাপতি জনাব মোঃ মাহফুজুর রহমান ও সম্মানিত উপদেষ্টা জনাব শাহ মোহাম্মদ শফিউল হক।

সভায় বিস্তারিত আলোচনা পর্যালোচনার পর নিম্ন বর্নিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

### গৃহীত সিদ্ধান্ত সমূহ

০১। লিগ্যাল এইড উপ-কমিটির কার্যক্রম পরিচালনার জন্য পৃথক তহবিল গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। জনাব মোঃ আবদুর রশিদ, সম্মানিত উপদেষ্ট, বাতসকস এর মামলা সংক্রান্ত আর্থিক সহায়তা প্রদানের জন্য লিগ্যাল এইড উপ-কমিটির সংগৃহিত তহবিল হতে ৫০০০/- টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। প্রাথমিক তহবিল গঠনের জন্য লিগ্যাল এইড উপ-কমিটির প্রত্যেক সদস্য ন্যূনতম ৫০০/- টাকা চাঁদা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। প্রতি মাসে অন্তত পক্ষে একবার লিগ্যাল এইড উপ-কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। লিগ্যাল এইড উপ-কমিটির সকল কার্যক্রম সমিতির ওয়েব সাইডের মাধ্যমে প্রকাশ করার ব্যবস্থা গ্রহনের জন্য কেন্দ্রীয় নির্বাহী পরিষদকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। লিগ্যাল এইড উপ-কমিটি পরিচালনার জন্য একটি নীতিমালা প্রণয়নের প্রস্তাব করার সিদ্ধান্ত গৃহীত হয়।

## লিগ্যাল এইড কমিটির খসড়া নীতিমালা

বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির গঠনতন্ত্রের অনুচ্ছেদ ৩(তিন) এর বিধানমতে সমিতির সদস্য/সদস্যবৃন্দ এবং অনুচ্ছেদ ৪(চার) এর কোন সাংগঠনিক ধাপ সমূহের কোন নেতৃবৃন্দ সাংগঠনিক কার্যক্রমের কারণে বা কর্মচারীদের স্বার্থ সংরক্ষন বা দাবী আদায়ে আন্দোলনের কারণে বা সংশ্লিষ্ট দাপ্তরিক কর্তৃপক্ষের হয়রানি বা নির্যাতনের শিকার হয়ে পদচ্যুত, চাকুরী থেকে অপসারিত বা বরখাস্ত বা অন্যকোন গুরুতর সাজা প্রাপ্ত হলে সমিতির পক্ষ হতে আইনগত সহায়তা ও তৎসংশ্লিষ্ট সম্ভাব্য আর্থিক অনুদান প্রদানের লক্ষ্য নিয়ে ১২ অক্টোবর ২০১২ কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সভায় লিগ্যাল এইড উপ-কমিটি গঠন করা হয়। কমিটির কার্যক্রম সুষ্ঠ ও নিরপেক্ষ ভাবে প্রতিপালনের জন্য নিম্নরূপ একটি নীতিমালা প্রণয়ন ও অনুমোদন করার জন্য প্রস্তাব ও সুপারিশ করা হয়।

# নীতিমালা

০১। সমিতির অনুচ্ছেদ ৩(তিন) মোতাবেক কোন সদস্য সাংগঠনিক দায়িত্ব পালনকালে বা সংশ্লিষ্ট দাপ্তরিক কর্তৃপক্ষের হয়রানি বা নির্যাতনের শিকার হয়ে পদচ্যুত, চাকুরী থেকে অপসারিত বা বরখাস্ত বা অন্যকোন গুরুতর সাজা প্রাপ্ত হলে এবং সমিতির সদস্য হিসাবে এক বৎসর নিয়মিত চাঁদা প্রদান/লিগ্যাল এইড উপ-কমিটির তহবিলে এককালীন ১০০০/- টাকা অনুদান প্রদানকারী, এইরূপ কোন সদস্য সমিতির পক্ষ হতে আইনগত সহায়তা ও তৎসংশ্লিষ্ট সম্ভাব্য আর্থিক অনুদানের জন্য আবেদন করতে পারবেন।

০২। ভুক্তভোগী সদস্য বিস্তারিত কারণ উল্লেখ করে সংশ্লিষ্ট বাতসকস জেলা কমিটি/সাংগঠনিক আঞ্চলিক কমিটি/বিভাগীয় কমিটি /ঢাকা মহানগর কমিটির (প্রযোজ্য ক্ষেত্রে) মাধ্যমে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সভাপতির বরাবরে আবেদনপত্র প্রেরণ করবেন।

০৩। সভাপতি মহোদয় প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাই ও বাস্তবতার নিরীখে আইনগত সহায়তা ও তৎসংশ্লিষ্ট আর্থিক অনুদান নির্ণয় করে একটি প্রস্তাবনা/প্রতিবেদন কেন্দ্রীয় নির্বাহী পরিষদে দাখিল করার জন্য লিগ্যাল এইড উপ-কমিটিতে প্রেরণ করবেন। লিগ্যাল এইড কমিটি হতে প্রস্তাবনা/প্রতিবেদন কেন্দ্রীয় নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে " লিগ্যাল এইড উপ-কমিটি " সংশ্লিষ্ট আবেদনকারীকে আইনী সহায়তা ও তৎসংশ্লিষ্ট আর্থিক অনুদান প্রদান করবেন।

০৪। ভুক্তভোগী সদস্যের বেতন ভাতা বন্ধসহ প্রশাসনিক ও আইনী জটিলতা দীর্ঘায়িত হলে আইনী সহায়তার পাশাপাশি মাসিক বেতন ভাতার সমপরিমান অর্থ প্রতিমাসে ঋন সহায়তা হিসাবে সুদমুক্ত ঋন প্রদান করা হবে। তবে শর্ত থাকে যে, চাকুরীতে পুর্নবহাল হওয়ার পর গৃহীত ঋন সহায়তার সমুদয় অর্থ ফেরৎ প্রদান করতে হবে।

০৫। সমিতির সদস্য কর্মচারীদের স্বেচ্ছায় অনুদানে প্রাপ্ত অর্থ দ্বারা লিগ্যাল এইড কমিটির তহবিল গঠিত হবে। ইহা ব্যতিত কোন দানশীল/সমাজসেবী ব্যক্তিবর্গের সেচ্ছায় অনুদানের মাধ্যমে প্রাপ্ত অর্থ দ্বারা তহবিল গঠন করার নিমিত্তে কেনিপ সিদ্ধান্তক্রমে গ্রহন করা যাবে।

০৬। প্রতিমাসে একবার লিগ্যাল এইড উপ কমিটির সভা অনুষ্ঠিত হবে। তবে, জরুরী প্রয়োজন দেখা দিলে ২৪ ঘন্টার নোটিশে সভা অনুষ্ঠিত হবে।

০৭। উপরোক্ত বিষয়ে আর্থিক শৃংখলা রক্ষাকল্পে " বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি লিগ্যাল এইড কমিটি " এই শিরোনামে একটি পৃথক ব্যাংক হিসাব পরিচালিত হবে।

০৮। লিগ্যাল এইড কমিটির মূল স্লোগান/আদর্শ হবে " প্রত্যেকে আমরা প্রত্যেকের তরে "।

( তাপস কুমার সাহা )
সদস্য সচিব
লিগ্যাল এইড উপ-কমিটি
বা ত স ক স।

২১/৭/২০০৩

( মোঃ নুরুন নবী )
আহবায়ক
লিগ্যাল এইড উপ-কমিটি
বা ত স ক স।

বরাবর,
সভাপতি/মহাসচিব, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ, ঢাকা।

( তাপস কুমার সাহা )
সদস্য সচিব
লিগ্যাল এইড উপ-কমিটি
বা ত স ক স।